

২০১৮/১৬  
৪৮  
✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-১ শাখা।  
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১৭০.২২.০২৪.১২- ৩২

তারিখ : ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ খ্রিঃ

পরিপত্র

বিষয় : রাষ্ট্রপতির কার্যালয়ের আপন বিভাগের দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক এবং রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে সরাসরি/ পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য বিভাগীয় নির্বাচন কমিটি।

রাষ্ট্রপতির কার্যালয়ের আপন বিভাগের সাংগঠনিক কাঠামোতে অতিরিক্ত সচিব ও যুগ্ম-সচিবের প্রাধিকার না থাকায় উক্ত বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

(১) কমিটির গঠন :

(ক) দশম, একাদশ, দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি :

১।	উপ-সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়	সভাপতি
২।	কম্পট্রোলার, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়	সদস্য
৩।	উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)	সদস্য
৪।	উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)	সদস্য
৫।	সিনিয়র সহকারী সচিব(প্রশাসন), আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়	সদস্য

(খ) ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগ/পদোন্নতির জন্য বিভাগীয় নির্বাচন কমিটি :

১।	উপ-সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়	সভাপতি
২।	কম্পট্রোলার, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়	সদস্য
৩।	উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)	সদস্য
৪।	উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)	সদস্য
৫।	বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের একজন প্রতিনিধি	সদস্য
৬।	সিনিয়র সহকারী সচিব(প্রশাসন), আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়	সদস্য সচিব


(২) কমিটির কার্যপরিধি :

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে রাষ্ট্রপতির কার্যালয়ের আপন বিভাগের দশম, একাদশ, দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসাবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান;

চলমান পাতা-২

(আ) বাংলাদেশ কর্ম কমিশন(পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণীর গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ৩য় হইতে ২য় শ্রেণীর পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারী কর্ম কমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকিবে;

(ই) বাংলাদেশ কর্ম কমিশন(পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণীতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিষ্পয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণীভুক্ত এক পদ হইতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকিবে।

  
(আবদুস সোবহান সিকদার)  
সিনিয়র সচিব

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (পরবর্তী গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ শত কপি প্রেরনের জন্য)
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।